# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) ইক্বামতে ‘ক্বাদ ক্বা-মাতিছ ছালাহ’-এর জবাবে ‘আক্বা-মাহাল্লাহু ওয়া আদামাহা’ বলা

(১১) ইক্বামতে ‘ক্বাদ ক্বা-মাতিছ ছালাহ’-এর জবাবে ‘আক্বা-মাহাল্লাহু ওয়া আদামাহা’ বলা :

‘ক্বাদক্বা-মাতিছ ছালাহর’ জবাবে ‘আক্বা-মাহাল্লাহু ওয়া আদা-মাহা’ বলার কোন ছহীহ হাদীছ নেই। বরং উত্তরে ‘ক্বাদ ক্বা-মাতিছ ছালাহ’-ই বলতে হবে। উক্ত বাক্যের পক্ষে যে হাদীছটি বর্ণিত হয়েছে, তার সনদ যঈফ।

عَنْ أَبِى أُمَامَةَ أَوْ عَنْ بَعْضِ أَصْحَابِ النَّبِيِّ أَنَّ بِلاَلاً أَخَذَ فِي الْإِقَامَةِ فَلَمَّا أَنْ قَالَ قَدْ قَامَتِ الصَّلَاةُ قَالَ النَّبِيُّ أَقَامَهَا اللهُ وَأَدَامَهَا.

আবু উমামা কিংবা রাসূল (ছাঃ)-এর কোন এক ছাহাবী বর্ণনা করেন, বেলাল (রাঃ) যখন ইক্বামতে ‘ক্বাদ ক্বা-মাতিছ ছালাহ’ বলেন, তখন রাসূল (ছাঃ) বলেন, ‘আক্বা-মাহাল্লাহু ওয়া আদা-মাহা’।[1]

তাহক্বীক্ব : উক্ত বর্ণনার সনদে মুহাম্মাদ ইবনু ছাবেত আল-আবদী ও শাহর ইবনু হাওশাব এবং তাদের দুইজনের মাঝখানে আরেকজন রাবী আছে অপরিচিত। ইমাম বায়হাক্বী, ইবনু হাজার আসক্বালানী, শায়খ আলবানীসহ প্রমুখ মুহাদ্দিছ উক্ত হাদীছকে একেবারেই দুর্বল বলেছেন।[2]

## ফুটনোট

[1]. আবুদাঊদ হা/৫২৮, ১/৭৮ পৃঃ, ‘ছালাত’ অধ্যায়, ‘যে ইক্বামত শুনবে সে কী বলবে’ অনুচ্ছেদ; ইবনুস সুন্নী, আমালুল ইয়াওমি ওয়াল লায়লাহ হা/২১; বায়হাক্বী ১/৪১১; মিশকাত হা/৬৭০, পৃঃ ৬৬।

[2]. ইরওয়াউল গালীল হা/২৪১, ১ম খন্ড, পৃঃ ২৫৮; যঈফ আবুদাঊদ হা/৫২৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন